



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৩.২৪-২২২

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩১  
২২ আগস্ট ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর (১০৯০৯০২৯), উপজেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), ঈদগাঁও, কক্সবাজার এর বিরুদ্ধে ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২৪ এর ফলাফল বিলম্বে প্রেরণ এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ অমান্যকরণের অভিযোগে তাকে সাময়িকভাবে বরখাস্ত করাসহ তার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা গ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেন;

যেহেতু, তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০৬/২০২৪ রুজু করে তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে ১০-০৭-২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি নিজেকে নির্দোষ দাবী করতঃ সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রার্থনা করেন;

যেহেতু, তার কারণ দর্শানোর জবাব ও শুনানিতে প্রদত্ত বক্তব্য কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়; তৎপরবর্তীতে অভিযোগনামা ও আনুষঙ্গিক বিষয়ের সামগ্রিক ও অধিকতর পর্যালোচনা করা হয়; পর্যালোচনা অন্তে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে অব্যাহতি প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর, উপজেলা নির্বাচন অফিসার, ঈদগাঁও, কক্সবাজার-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ 'অসদাচরণ' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৬/২০২৪ নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩/৩

২২.০৮.২৪  
শফিউল আজিম  
সচিব

স্মারক নম্বর- ১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৩.২৪-১৫২

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩১  
২২ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। যুগ্মসচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
- ০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম
- ০৭। উপসচিব .....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৮। জেলা নির্বাচন অফিসার, কক্সবাজার
- ০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]
- ১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
- ১১। উপসচিব (চ.দা.) (হিসাব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম

চলমান পাতা-২

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

- ১৩। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
- ১৪-১৭। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
- ১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কক্সবাজার
- ২০। জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর, উপজেলা নির্বাচন অফিসার, ঈদগাঁও, কক্সবাজার
- ২১। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর, উপজেলা নির্বাচন অফিসার, ঈদগাঁও, কক্সবাজার এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ]
- ২২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঈদগাঁও, কক্সবাজার

১১.০৬.২৫

মোহাম্মদ আল-মামুন  
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)  
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮  
ইমেইল: sas\_dis@ecs.gov.bd